

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ১১, ২০২২

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ক্যান্টনমেন্ট বোর্ড

চট্টগ্রাম ক্যান্টনমেন্ট

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ/২৭ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৬৭-আইন/২০২২।—ক্যান্টনমেন্ট আইন, ২০১৮ (২০১৮ সনের ২৭ নং আইন) এর ধারা ২১৭ তে প্রদত্ত ক্ষমতাবলে, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন, ১৯৯৮ রহিতপূর্বক নিম্নরূপ উপ-আইন প্রণয়ন করিল, যথা :—

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।—(১) এই উপ-আইন চট্টগ্রাম ক্যান্টনমেন্ট (ইমারত নির্মাণ) উপ-আইন, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) চট্টগ্রাম ক্যান্টনমেন্ট, চট্টগ্রাম ডিওএইচএস, খিল্লাপাড়া ডিওএইচএস, চট্টগ্রাম ক্যান্টনমেন্টের আওতাভুক্ত সকল ডিওএইচএস এবং চট্টগ্রাম ক্যান্টনমেন্ট ঘোষিত এলাকায় ইহা প্রয়োগযোগ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

( ৮১৭৩ )

মূল্য : টাকা ৪৮.০০

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই উপ-আইনে,—

- (ক) “অথরাইজড অফিসার” অর্থ এই উপ-আইনের অধীন ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার কর্তৃক নিয়োজিত সহকারী প্রকৌশলী হইতে তদূর্ধ্ব পদমর্যাদার প্রকৌশলী;
- (খ) “অনুমোদিত নকশা” অর্থ আইনের বিধান মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত ইমারত বা কাঠামোর নকশা;
- (গ) “আবেদনকারী” অর্থ সংশ্লিষ্ট ভূমির বৈধ মালিক বা এমন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি উক্ত ভূমিতে ইমারত নির্মাণ সংক্রান্ত বিষয়ে প্রযোজ্য বিভিন্ন অনুমতি প্রাপ্তির জন্য আবেদন করেন বা আবেদন করিবার ইচ্ছা পোষণ করেন এবং বৈধ মালিকের পক্ষে আবেদনকারী হিসাবে পাওয়ার অব অ্যাটর্নি দ্বারা নিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (ঘ) “ইমারত” অর্থ Building Construction Act, 1952 (East Bengal Act) (Act No. II of 1953) এর section 2(b) বা অন্য কোনো আইনে সংজ্ঞায়িত building;
- (ঙ) “ইমারতের উচ্চতা” অর্থ ইমারতের প্লিন্থ লেভেল হইতে ইমারতটির সর্বোচ্চ বিন্দুর খাড়া দূরত্ব (সিঁড়িঘর, জলাধার, লিফট মেশিনরুম অন্তর্ভুক্ত নহে), যাহা নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচ্য হইবে, যথা :—
- (অ) ছাদ ঢালু হইলে ঢালু ছাদের গড় ধরা হইবে;
- (আ) ঢালু এলাকায় নির্মাণের ক্ষেত্রে উচ্চতা নির্ণয়ের জন্য রাস্তার পরিবর্তে ইমারতের সর্বনিম্ন মেঝের তল হইতে উচ্চতা পরিমাপ করা হইবে;
- (ই) স্থাপত্যিক উপাদান, যাহা কেবল নান্দনিক ও অলংকরণের জন্য ব্যবহৃত হয়, তাহা উচ্চতার অংশ হিসেবে গণ্য করা হইবে না;
- (চ) “উন্মুক্ত জায়গা” অর্থ কোনো সাইটের এমন অবিচ্ছিন্ন অংশ যাহা ভূমিতল হইতে উর্ধ্বদিকে স্থায়ীভাবে উন্মুক্ত জায়গা বা স্থান;
- (ছ) “কর্তৃপক্ষ” অর্থ চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড;
- (জ) “কমিটি” অর্থ চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক এই উপ-আইনের অধীন গঠিত সাধারণ বা কারিগরি কমিটি;
- (ঝ) “কারিগরি ব্যক্তি” অর্থ আবেদনকারী কর্তৃক নিয়োগকৃত কোনো স্থপতি বা প্রকৌশলী;
- (ঞ) “ক্যান্টনমেন্ট বোর্ড” বা “বোর্ড” অর্থ আইনের অধীন স্থাপিত চট্টগ্রাম ক্যান্টনমেন্ট এবং তৎসংলগ্ন এলাকার জন্য নির্ধারিত ক্যান্টনমেন্ট বোর্ড;
- (ট) “ডিওএইচএস” অর্থ ডিফেন্স অফিসারস হাউজিং স্কীম;

- (ঠ) “নকশা” অর্থ এই উপ-আইনের অধীন ইমারত এবং অন্যান্য স্থাপনা নির্মাণের উদ্দেশ্যে প্রস্তুতকৃত সকল নকশা;
- (ড) “নির্মাণ” অর্থ যেকোনো ধরনের ইমারত বা স্থাপনা নির্মাণ, পুনঃনির্মাণ বা প্রতিস্থাপন এবং ইমারত ব্যবহারের ধরন পরিবর্তন;
- (ঢ) “প্রকৌশলী” অর্থ যিনি প্রকৌশল বিষয়ে যথাযথ ডিগ্রি ও সনদপ্রাপ্ত এবং চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড বা সিডিএ বা রাজউক অথবা অন্য কোনো বিধিবদ্ধ সরকারি সংস্থা কর্তৃক নিবন্ধিত;
- (ণ) “প্লিন্থ লেভেল” অর্থ রাস্তার উপরিতল হইতে ইমারত ব্যবহারের প্রথম প্রাপ্ত তল;
- (ত) “বিল্ডিং কোড” অর্থ বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড;
- (থ) “মেজানাইন তলা” অর্থ ইমারতের যেকোনো ২ (দুই)টি মূল তলার মধ্যবর্তী একটি মাঝামাঝি আংশিক তলা;
- (দ) “সাইট” অর্থ ইমারত নির্মাণের জন্য নির্দিষ্ট সীমারেখাবিশিষ্ট কোনো স্থান;
- (ধ) “সেটব্যাক” অর্থ প্রত্যেকটি ইমারতের সম্মুখে, পার্শ্বে এবং পশ্চাতে ন্যূনতম উন্মুক্ত স্থান;
- (ন) “সানশেড” অর্থ রোদ বৃষ্টি হইতে রক্ষার জন্য বহিঃদেওয়ালের উপর স্থাপিত ওভার হ্যাং স্ল্যাব;
- (প) “স্থপতি” অর্থ যিনি স্থাপত্য বিষয়ে যথাযথ ডিগ্রি ও সনদপ্রাপ্ত এবং ক্যান্টনমেন্ট বোর্ড বা সিডিএ বা রাজউক অথবা অন্য কোনো বিধিবদ্ধ সরকারি সংস্থা কর্তৃক নিবন্ধিত।

## দ্বিতীয় অধ্যায়

### ইমারতের নকশা অনুমোদন ও বসবাস উপযোগিতার অনুমোদন

৩। নির্মাণ অনুমোদন গ্রহণ।—(১) কোনো ব্যক্তি নূতন ইমারত বা অবকাঠামো নির্মাণ বা বিদ্যমান ইমারত বা অবকাঠামো পরিবর্তন, পরিবর্ধন বা সংযোজন করিতে ইচ্ছুক হইলে ক্যান্টনমেন্ট আইন, ২০১৮ এবং এই উপ-আইন অনুযায়ী নির্মাণ অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(২) নির্মাণ অনুমোদনপত্রের জন্য অনুচ্ছেদ ৫ হইতে ১১ তে বর্ণিত প্রয়োজনীয় দলিলাদি, ৭ (সাত) কপি আর্কিটেকচারাল ও ৫ (পাঁচ) কপি স্ট্রাকচারাল নকশা এবং অনুমোদন ফি'সহ ফরম-১ এর মাধ্যমে আবেদন করিতে হইবে।

(৩) নূতন ইমারত বা অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে ফরম-২ এ ভূমি ব্যবহার (use of land) ছাড়পত্রের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

৪। **নকশা অনুমোদন।**—আবেদনকারী আবেদনপত্র ও নকশায় এবং অনুচ্ছেদ ২১ এর অধীন প্রণীত তালিকা মোতাবেক যথাযথ যোগ্যতাসম্পন্ন কারিগরি ব্যক্তি নকশায় অমুদ্রিত স্বাক্ষর প্রদান করিবেন, এবং কারিগরি ব্যক্তিবর্গকে তাহাদের পেশাজীবী সংগঠনের সদস্য নম্বর ও রেজিস্ট্রেশন নম্বর নকশা ও দলিলাদির নির্ধারিত স্থানে উল্লেখ করিতে হইবে।

৫। **সংযুক্তি।**—নির্মাণ অনুমোদনপত্রের জন্য আবেদনপত্রের সহিত নিম্নলিখিত দলিলাদি এ৩ (A3) বা এ৪ (A4) আকারের কাগজে নকশাসহ সংযুক্ত করিয়া উপস্থাপন করিতে হইবে, যথা :—

- (ক) এপার্টমেন্ট ইমারতের ক্ষেত্রে তলাওয়ারী আবাস-ইউনিটের সর্বমোট সংখ্যা;
- (খ) গভীর ভিত্তি, পাইলিং, বেইজমেন্ট বা ভূগর্ভস্থ তলা নির্মাণের জন্য, প্রযোজ্য ক্ষেত্রে, নির্ধারিত ছক এর মাধ্যমে আবেদনকারী কর্তৃক প্রদত্ত ফরম-১ এর অধীন প্রদেয় ক্ষতিপূরণ মুচলেকা বা ইনডেমনিটি বন্ড;
- (গ) নির্ধারিত ফি প্রদানের রসিদের কপি;
- (ঘ) উন্নয়নের জন্য প্রস্তাবিত ভূমি বা সংশ্লিষ্ট ভূমি ও ভবনাদিতে আবেদনকারীর বৈধ মালিকানার প্রমাণস্বরূপ বিএস, নামজারি খতিয়ানের সার্টিফাইড কপি, ভূমি উন্নয়ন কর, ডিসিআর এর সত্যায়িত কপি এবং মালিকানা সংক্রান্ত দলিলাদির সত্যায়িত অনুলিপি বা দলিলাদির সত্যায়িত অনুলিপি;
- (ঙ) প্লটের ক্ষেত্রফল, সেটব্যাক স্থানের পরিমাপ এবং মোট তলার সংখ্যা; এবং
- (চ) প্রকল্পে নিয়োজিত স্থপতির অভিজ্ঞতার প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট পেশাজীবী সংগঠনের কারিগরি ব্যক্তি হিসাবে তালিকাভুক্তির সার্টিফিকেটের অনুলিপি।

৬। **নকশার মাপ।**—আন্তর্জাতিক এ (A) সিরিজের নিম্নরূপ এ০ (A0) হইতে এ৪ (A4) সাইজের কাগজে মেট্রিক মাপে সকল নকশা প্রণয়ন করিতে হইবে, যথা :—

- (ক) এ০ ১১৮৮ মিঃমিঃ × ৮৪১ মিঃমিঃ (কাগজের পুরুত্ব/ওজন ৮০ গ্রাম);
- (খ) এ১ ৮৪১ মিঃমিঃ × ৫৯৪ মিঃমিঃ (কাগজের পুরুত্ব/ওজন ৮০ গ্রাম);
- (গ) এ২ ৫৯৪ মিঃমিঃ × ৪২০ মিঃমিঃ (কাগজের পুরুত্ব/ওজন ৮০ গ্রাম);
- (ঘ) এ৩ ৪২০ মিঃমিঃ × ২৯৭ মিঃমিঃ (কাগজের পুরুত্ব/ওজন ৮০ গ্রাম);
- (ঙ) এ৪ ২৯৭ মিঃমিঃ × ২১০ মিঃমিঃ (কাগজের পুরুত্ব/ওজন ৮০ গ্রাম)।

৭। **নকশায় তথ্য সন্নিবেশন।**—নকশায় নিম্নবর্ণিত তথ্য সন্নিবেশিত থাকিতে হইবে, যথা :—

- (ক) নকশার টাইটেলসহ আবেদনকারীর নাম, ঠিকানা, মোবাইল বা টেলিফোন নম্বর ও অমুদ্রিত স্বাক্ষর;
- (খ) প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট পরিকল্পনাবিদ, স্থপতি বা প্রকৌশলীর নাম, ঠিকানা, মোবাইল বা টেলিফোন নম্বর এবং অমুদ্রিত স্বাক্ষরসহ স্ব স্ব পেশাজীবী প্রতিষ্ঠান বা সংগঠনের সদস্য নম্বর ও রেজিস্ট্রেশন নম্বর; এবং
- (গ) ব্যক্তি বা অন্যান্য ক্ষেত্রে প্লট নম্বর, রাস্তা নম্বর এবং চৌহদ্দির বর্ণনা।

৮। **সাইট নকশা।**—সাইট বা এলাকা নকশা অনূন্য ১:৪০০০ স্কেলে অঙ্কিত হইতে হইবে এবং উহাতে সাইটের দাগ বা প্লট এবং পার্শ্ববর্তী দাগ বা প্লটসমূহের অবস্থান নির্দেশক থাকিতে হইবে।

৯। **লে-আউট নকশা।**—লে-আউট নকশা ১:২০০ স্কেলে অঙ্কিত হইতে হইবে এবং উহাতে নিম্নবর্ণিত তথ্য সন্নিবেশ করিতে হইবে, যথা :—

- (ক) প্রযোজ্য ক্ষেত্রে, সাইটে বিদ্যমান ইমারতসমূহের পরিসীমা, বহির্ভাগের পরিমাপ, উচ্চতা, তলার সংখ্যা এবং রক্ষিত আবশ্যিক উন্মুক্ত স্থানের পরিমাপ;
- (খ) প্রস্তাবিত ও বিদ্যমান ইমারতসমূহের চতুর্দিকে পানি প্রবাহের দিকনির্দেশনাসহ নর্দমার অবস্থান, যদি থাকে ;
- (গ) ভূগর্ভস্থ জলাধার, সেপটিক ট্যাংক এবং সোকপিট, পয়ঃনিষ্কাশন লাইনের সহিত সংযোগের অবস্থান, যদি থাকে;
- (ঘ) রাস্তা হইতে সাইটে প্রবেশ ও নির্গমন গেইটের অবস্থান ও সংখ্যা;
- (ঙ) সাইটের চতুর্দিকের সীমানা ও পরিমাপ; এবং
- (চ) সন্নিহিত সড়কসমূহের দৃষ্টে সাইট বা প্লটের দিকনির্দেশনা এবং সাইট সংলগ্ন রাস্তার প্রস্থ।

১০। **ফ্লোর প্ল্যান।**—ভূগর্ভস্থ ও মেজানাইন তলাসহ ইমারতের সকল তলার ফ্লোর প্ল্যান ১:১০০ স্কেলের মাপে প্রণয়ন করিতে হইবে এবং উহাতে নিম্নবর্ণিত বিষয়সমূহ সুস্পষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে, যথা :—

- (ক) ছাদের পানি নিষ্কাশন ব্যবস্থা, টেরাস (terrace), যদি থাকে, লিফট মেশিন রুম, ক্ষেত্রমত, সিঁড়িঘরের ছাদ এবং পানির আউটলেট প্রদর্শনপূর্বক প্রস্তুতকৃত ছাদের নকশা;
- (খ) দরজা ও জানালার অবস্থানসহ সকল কক্ষ ও পরিসরের পরিমাপ, আকৃতি ও অবস্থান এবং উহার ব্যবহার;
- (গ) প্রবেশ, নির্গমন, ড্রাইভওয়ে ও পার্কিং এর স্থান প্রদর্শনপূর্বক পার্কিং প্ল্যান; এবং
- (ঘ) সিঁড়িঘরসহ, ক্ষেত্রমত, লিফটকোর, এসকেলেটর, র‍্যাম্প, জরুরি নির্গমন সিঁড়ির অবস্থান ও পরিমাপ।

১১। **ছেদচিত্র।**—গুরুত্বপূর্ণ অংশের পরিমাপসহ অনূন্য ২(দুই)টি সেকশন (লম্বালম্বি ও আড়াআড়ি) ১:১০০ স্কেলের মাপে প্রণয়ন করিতে হইবে যাহার মধ্যে অনূন্য ১ (এক)টি সিঁড়িঘরকে ছেদ করিবে এবং ছেদচিত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ প্রদর্শন করিতে হইবে, যথা :—

- (ক) দেওয়াল হইতে বহির্ভাগ প্রসারিত বিভিন্ন অংশের ( যেমন- ব্যালকনি, সানশেড ইত্যাদি) পরিমাপ;
- (খ) ভূমিতলের বিদ্যমান ও প্রস্তাবিত লেভেল; এবং
- (গ) মেজানাইন তলাসহ, প্রযোজ্য ক্ষেত্রে, প্রত্যেক তলার উচ্চতা, কাড় (loft), লিফট মেশিন রুম, যদি থাকে, প্যারাপেট এর উচ্চতা, বিদ্যমান ভূমি, সড়ক এবং ফুটপাথের প্রেক্ষিতে ইমারতের সর্বোচ্চ উচ্চতা।

১২। **উচ্চতা চিত্র**—ইমারতের সর্বোচ্চ উচ্চতা ও গুরুত্বপূর্ণ পরিমাপসহ সকল দিকের উচ্চতা (elevations) চিত্র ১:১০০ স্কেলে প্রণয়ন করিতে হইবে।

১৩। **আবেদন নিষ্পত্তি**—(১) বোর্ড কর্তৃক অনুচ্ছেদ ৩ এর অধীন প্রাপ্ত আবেদনপত্রটি অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ বিবেচিত হইলে উক্ত আবেদনপত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে প্রয়োজনীয় তথ্য ও দলিলাদি সরবরাহের জন্য লিখিতভাবে আবেদনকারীকে অনুরোধ জানাইতে হইবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) মোতাবেক তথ্য ও দলিলাদি সরবরাহের অনুরোধ প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারীকে প্রয়োজনীয় তথ্য ও দলিলাদি বোর্ডের নিকট সরবরাহ করিতে হইবে এবং উক্ত সময়ের মধ্যে উহা সরবরাহ করিতে ব্যর্থ হইলে উক্ত আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

(৩) বোর্ড আবেদন প্রাপ্তির ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে বা নূতন তথ্য ও দলিলাদি সরবরাহ করা হইলে উহা প্রাপ্তির তারিখ হইতে ৩০(ত্রিশ) দিনের মধ্যে যথাযথ পদ্ধতি অনুসরণক্রমে প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পটি শর্তহীন অথবা শর্তসাপেক্ষে ফরম-৩ এর মাধ্যমে অনুমোদন প্রদান করিবে।

(৪) উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান অনুযায়ী আবেদনপত্র অনুমোদিত হইলে আবেদনকারীকে বোর্ডের স্বাক্ষর ও সীলযুক্ত ৪ (চার) ফর্দ অনুমোদিত নকশা ও দলিলাদি সরবরাহ করা হইবে।

(৫) আবেদনপত্র প্রত্যাখ্যান করা হইলে উহার কারণ প্রদর্শনপূর্বক ফরম-৪ এর মাধ্যমে বোর্ড আবেদনকারীকে অবহিত করিবে।

(৬) আবেদন প্রত্যাখ্যাত হইলে আবেদনকারী উহা অবহিত হইবার তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ফরম-৫ এর মাধ্যমে বোর্ডের সভাপতির নিকট আপিল করিতে পারিবেন।

(৭) উপ-অনুচ্ছেদ (৬) এর অধীন প্রাপ্ত আপিল নিষ্পত্তির জন্য বোর্ডের সভাপতি, প্রয়োজনে, একটি আপিল সাব-কমিটি গঠন করিবেন এবং উক্ত আপিল সাব-কমিটি আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বোর্ডের সভাপতির নিকট উক্ত বিষয়ে সুপারিশ প্রদান করিবে।

(৮) বোর্ড, উপ-অনুচ্ছেদ (৭) এর অধীন আপিল গৃহীত হইলে ফরম-৬ এর মাধ্যমে উহা অনুমোদন করিবে এবং আপিল আবেদন গৃহীত না হইলে ফরম-৭ এর মাধ্যমে উহা প্রত্যাখ্যান করিবে।

১৪। **আবেদনকারীর দায়িত্ব**—নির্মাণ সংশ্লিষ্ট বিষয়ে আবেদনকারীর দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা :—

- (ক) অনুমোদিত কারিগরি ব্যক্তি দ্বারা প্রয়োজনীয় হিসাব-নিকাশ সংরক্ষণ এবং সকল কাঠামোগত, বৈদ্যুতিক, প্লাস্টিং এবং যান্ত্রিক ডিজাইন ও ড্রয়িং প্রস্তুত নিশ্চিতকরণ;
- (খ) সকল ধরনের উন্নয়ন ও নির্মাণ কাজ কারিগরি ব্যক্তির, যাহাদের বিবরণ পূর্বেই বোর্ডের নিকট প্রদান করা হইয়াছে, তত্ত্বাবধানে সম্পন্নকরণ;
- (গ) ইমারত নির্মাণের ক্ষেত্রে অনুমোদিত নকশা ও দলিলাদির পরিপন্থি কোনো কাজ না করা;

- (ঘ) ইমারতের বর্ধিতকরণ, পরিবর্তন, স্থগিত বা অসম্পূর্ণ কাজ সম্পাদনসহ যেকোনো নির্মাণ কাজ শুরু করিবার পূর্বে নির্মাণ প্রকল্পের সকল প্রয়োজনীয় নকশার অনুমোদন গ্রহণ এবং অনুমোদিত সময়সীমার মধ্যে নির্মাণ কাজ সম্পন্নকরণ এবং অনুমোদিত নকশার কপি সাইটে সহজে দৃশ্যমান স্থানে প্রদর্শন;
- (ঙ) নির্মাণ কাজের ধাপ বা পর্ব সম্পন্নের পূর্বে বা শেষে নিয়োজিত কারিগরি ব্যক্তিবর্গের প্রতিবেদনসহ ফরম-১০ ও ফরম-১১ এর মাধ্যমে বোর্ডকে অবহিতকরণ;
- (চ) কাজ শুরু করিবার অনূন ১৫ (পনের) দিন পূর্বে ফরম-৮ এর মাধ্যমে বোর্ডকে লিখিতভাবে কাজ শুরু করিবার বা স্থগিত কাজ পুনরায় শুরু করিবার ইচ্ছা প্রকাশ করিয়া সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যক্তিবর্গের স্বাক্ষরযুক্ত প্রত্যয়ন বা সম্মতিসহ নোটিশ প্রদান;
- (ছ) কারিগরি ব্যক্তি বা ব্যক্তিবর্গের নূতন নিয়োগ এবং উক্ত বিষয়ে বোর্ডকে অবহিত না করা পর্যন্ত নির্মাণ কাজ স্থগিত রাখা;
- (জ) কোনো কারণবশত নিয়োগপ্রাপ্ত কারিগরি ব্যক্তি বা ব্যক্তিবর্গের কাজ বন্ধ হইয়া গেলে উহা ১৫ (পনের) দিনের মধ্যে বোর্ডকে অবহিতকরণ;
- (ঝ) প্রকল্পের নির্মাণ কাজ সারণি-১ এর বর্ণনা মোতাবেক কারিগরি ব্যক্তি দ্বারা তত্ত্বাবধান;
- (ঞ) প্রকল্পে নিয়োজিত কোনো কারিগরি ব্যক্তিকে নূতন নিয়োগ বা পরিবর্তন বিষয়ে ফরম-৯ এর মাধ্যমে বোর্ডকে ১৫ (পনের) দিনের মধ্যে লিখিতভাবে অবহিতকরণ এবং কারিগরি ব্যক্তি পরবর্তনের ক্ষেত্রে নূতন নিয়োগপ্রাপ্ত কারিগরি ব্যক্তির দায়িত্ব গ্রহণ না করা এবং তাহার সম্মতি বোর্ডকে অবহিত না করা পর্যন্ত নির্মাণ কাজ স্থগিতকরণ;
- (ট) অনুচ্ছেদ ২৫ মোতাবেক প্রত্যেকটি পর্বের নির্মাণ কার্য সম্পন্নকরণের বিষয়ে বোর্ডকে অবহিতকরণ এবং উক্তরূপে অবহিত হইবার পর বোর্ড কর্তৃক উহা পরিদর্শনক্রমে ৭ (সাত) দিনের মধ্যে প্লিন্থ লেভেল পরবর্তী নির্মাণ কাজ অগ্রসরের জন্য ফরম-১২ এর মাধ্যমে সম্মতি প্রদান বা কারণ উল্লেখপূর্বক ফরম-১৩ এর মাধ্যমে অসম্মতি জ্ঞাপন:
- তবে শর্ত থাকে যে, এই দফার অধীন অসম্মতি জ্ঞাপন না করা পর্যন্ত নির্মাণ কার্য চলমান রাখা যাইবে;
- (ঠ) ক্ষেত্রমত, প্রকল্পের স্থাপত্যিক, কাঠামো, বৈদ্যুতিক, প্লাস্টিং বা সেনেটারি ও যান্ত্রিক ডিজাইন এবং তত্ত্বাবধান করিবার দায়িত্বপ্রাপ্ত সকল কারিগরি ব্যক্তিবর্গের নাম ও ঠিকানাসহ তাহাদের সম্মতি বোর্ডকে অবহিতকরণ।

১৫। **নিয়োজিত কারিগরি ব্যক্তির দায়িত্ব।**—(১) কোনো নির্মাণ কাজে নিয়োজিত কারিগরি ব্যক্তির দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা :—

- (ক) ইমারতের নকশা প্রণয়ন ও নির্মাণকাজ তদারকিতে নিযুক্ত কোনো কারিগরি ব্যক্তির ইমারত বা প্রকল্পের সহিত তাহার সংশ্লিষ্টতার মেয়াদ নির্মাণকাজ সম্পন্ন হইবার পূর্বেই সমাপ্ত হইলে উহা ১৫ (পনের) দিনের মধ্যে ফরম-১৪ এর মাধ্যমে আংশিক কার্য তদারকির প্রত্যয়নপত্রসহ বোর্ডকে অবহিতকরণ;
- (খ) কাঠামো নকশা (structural design), অগ্নিনির্বাপক বা অন্যান্য নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে সঠিক তথ্য পরিবেশন; এবং
- (গ) নির্ধারিত ডিজাইন ও স্পেসিফিকেশনের সহিত যুক্ত এমন কোনো প্রয়োজনীয় তথ্য ও বিবরণ সম্পর্কে সঠিক তথ্য প্রদান।

(২) নির্মাণ কাজ আংশিক বা পূর্ণ সমাপনান্তে বসবাস বা ব্যবহার সনদ গ্রহণের জন্য বোর্ড কর্তৃক নির্মাণ সমাপ্তি সনদ প্রদান না করা পর্যন্ত এতদসংশ্লিষ্ট কারিগরি ব্যক্তির দায়িত্বের সংশ্লিষ্টতা থাকিবে।

১৬। **নির্মাণ সংশ্লিষ্ট নিরাপত্তা ও তদারকি।**—নির্মাণ কাজ চলাকালে আবেদনকারীকে নিম্নবর্ণিত নিরাপত্তামূলক পদক্ষেপ ও তদারকির ব্যবস্থা গ্রহণ করিতে হইবে, যথা :—

- (ক) আবাসিক এলাকায় সন্ধ্যা ৬টা হইতে পরবর্তী দিন সকাল ৬টা পর্যন্ত কোনো যন্ত্রপাতি ব্যবহার বা নির্মাণ পদ্ধতির মাধ্যমে নির্মাণ সাইট বা প্রকল্প স্থানে বিরক্তিকর কোনো আওয়াজ বা পরিস্থিতির সৃষ্টি না করা;
- (খ) নির্মাণ প্রকল্পের দ্রব্যাদি ও জিনিসপত্র জনপথে বা ফুটপাতে রাখিয়া জনসাধারণের চলাচলে অসুবিধা সৃষ্টি না করা;
- (গ) নির্মাণস্থলে এবং উহার চতুর্দিকে প্রয়োজনীয় এবং যথোপযুক্ত নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ;
- (ঘ) যদি নির্মাণকাজ কোনো রাস্তায় বা স্থানে জনসাধারণের জন্য বাধা-বিপত্তি বা অসুবিধা সৃষ্টি করে, তাহা হইলে উক্ত স্থানে অস্থায়ী ঘের, জীবনরক্ষাকারী বাধা (shield) এবং বিকল্প চলাচল পথ তৈরি করিয়া জনসাধারণের নিরাপত্তা নিশ্চিতকরণ; এবং
- (ঙ) প্রয়োজনে, বোর্ড কর্তৃক পরিদর্শনকালে কারিগরি ব্যক্তি দ্বারা নির্মাণ সংশ্লিষ্ট নিরাপত্তা ও তদারকি বিষয়ে প্রয়োজনীয় তথ্য, ড্রয়িং ও অন্যান্য কাগজপত্র সরবরাহ করিয়া এবং নিজ খরচে পরীক্ষা করিতে সহায়তা প্রদান।

১৭। **সমাপ্তি প্রতিবেদন।**—(১) নির্মাণ প্রকল্পের আংশিক বা সম্পূর্ণ কার্যের উপর আবেদনকারী ফরম-১৫ এর মাধ্যমে একটি সমাপ্তি প্রতিবেদন দাখিল করিবেন।

(২) প্রতিবেদনের সহিত নিয়োজিত কারিগরি ব্যক্তি বা ব্যক্তিবর্গ কর্তৃক তাহার বা তাহাদের তদারকিতে সম্পন্ন নির্মাণকাজ বিষয়ে ফরম-১৬ এ প্রদত্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করিতে হইবে।

(৩) নিযুক্ত কারিগরি ব্যক্তি বা ব্যক্তিবর্গ তাহার বা তাহাদের দায়িত্ব পালনকালীন যেসকল কাজের তদারকি করিয়াছেন তদসংক্রান্ত একটি তদারকি প্রতিবেদন বোর্ড এর নিকট দাখিল করিবেন।



১৮। ইমারতের নকশা অনুমোদন, সংশোধন ও পরিবর্তন ফি।—ইমারতের নকশা অনুমোদন, সংশোধন ও পরিবর্তন সংক্রান্ত ফি বোর্ড সভার সিদ্ধান্তক্রমে এবং সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের অনুমোদনক্রমে নির্ধারিত হইবে;

১৯। অননুমোদিত নির্মাণ।—কর্তৃপক্ষ, অননুমোদিত নির্মাণের ক্ষেত্রে, নির্মাণকাজ স্থগিত করিতে, সঠিক পদ্ধতি প্রয়োগ করিতে বা কাঠামো ভাঙ্গিয়া ফেলিবার আদেশ প্রদান করিতে পারিবে, যদি—

- (ক) যেকোনো পর্যায়ে অননুমোদিত নকশাবিহীন কাজ ধরা পড়ে;
- (খ) ইমারত তৈরির অনুমোদন বা বিশেষ প্রকল্প ছাড়পত্রের নিয়ম ও শর্তসমূহ সরাসরি লঙ্ঘন করা হয়; এবং
- (গ) পার্শ্ববর্তী জনগণের জীবন ও ধন-সম্পত্তির ক্ষতিসহ পরিবেশের জন্য হুমকির সৃষ্টি করে।

### তৃতীয় অধ্যায়

#### কমিটি

২০। কমিটি গঠন।—বোর্ড, এই উপ-আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রয়োজনে, আদেশ দ্বারা নিম্নরূপ এক বা একাধিক কমিটি গঠন এবং উহাদের কার্যপরিধি নির্ধারণ করিতে পারিবে, যথা:—

- (ক) নির্মাণ অনুমোদন কমিটি;
- (খ) বৃহদায়ন বা বিশেষ প্রকল্প অনুমোদন কমিটি; এবং
- (গ) প্রয়োজনীয় অন্য যেকোনো কারিগরি কমিটি।

### চতুর্থ অধ্যায়

#### কারিগরি ব্যক্তির তালিকা, শ্রেণিবিন্যাস, ইত্যাদি

২১। কারিগরি ব্যক্তির তালিকা প্রণয়ন।—(১) এই উপ-আইন অনুযায়ী নকশা প্রণয়ন, নির্মাণ কাজের তত্ত্বাবধান, প্রতিবেদন প্রস্তুত এবং অন্য কোনো কাজে জড়িত কারিগরি ব্যক্তিকে বোর্ডের তালিকাভুক্ত এবং সংশ্লিষ্ট পেশাজীবী সংগঠনের সদস্য হইতে হইবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন কারিগরি ব্যক্তি হিসাবে তালিকাভুক্তির জন্য কোনো ব্যক্তিকে সংশ্লিষ্ট পেশাজীবী সংগঠনের নিকট হইতে প্রাপ্ত সদস্য সনদসহ প্রকৌশলী হিসাবে সকল সনদপত্রের সত্যায়িত কপি, তাহার সদ্য তোলা পাসপোর্ট সাইজ ছবি, যোগাযোগের ঠিকানা, মোবাইল বা টেলিফোন নম্বর এবং নমুনা স্বাক্ষরসহ যথাযথ প্রক্রিয়ায় বোর্ডের কারিগরি কমিটির নিকট আবেদন করিতে হইবে।

(৩) বোর্ড, উপ-অনুচ্ছেদ (২) এর অধীন দাখিলকৃত কাগজাদি ও তথ্যাদি বিবেচনাপূর্বক তালিকাভুক্তির বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৪) সংশ্লিষ্ট পেশাজীবী সংগঠন কারিগরি ব্যক্তিগণের প্রয়োজনীয় তথ্যসহ হালনাগাদ তালিকা বোর্ডের নিকট সরবরাহ করিবে এবং বোর্ড তালিকাভুক্ত কারিগরি ব্যক্তিগণের হালনাগাদ তালিকা সংরক্ষণ করিবে।

২২। কারিগরি ব্যক্তির শ্রেণিবিন্যাস।—ইমারতের ধরন বা ব্যবহার অনুযায়ী কারিগরি বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিবর্গ যাহারা এই উপ-আইন অনুযায়ী নকশা প্রণয়ন, স্বাক্ষর ও প্রতিবেদন প্রস্তুত করিতে পারিবে সারণি-১ অনুযায়ী তাহাদের ন্যূনতম যোগ্যতাসহ শ্রেণিবিন্যাস নির্ধারিত হইবে।

### পঞ্চম অধ্যায়

#### ইমারত নির্মাণ সংক্রান্ত নিয়মাবলি

২৩। ইমারত নির্মাণ বা পুনঃনির্মাণের ক্ষেত্রে অনুসরণীয় শর্তাবলী।—ইমারত নির্মাণ বা পুনঃনির্মাণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অনুসরণ করিতে হইবে, যথা :—

- (ক) ইমারতে একটি মাত্র প্রবেশ পথ থাকিবে যাহা অন্যান্য প্লটের সহিত সামঞ্জস্যপূর্ণ হইবে;
- (খ) ইমারতের সম্মুখে, পশ্চাতে এবং দুই পার্শ্বের সীমানা হইতে নিম্নরূপ উন্মুক্ত স্থান বা সেটব্যাক রাখিতে হইবে, যথা:—

ক্রমিক নং	সাইটের আয়তন	ইমারতের সম্মুখ সীমানা হইতে (মিটার/ফুট)	ইমারতের পশ্চাৎ দিকের সীমানা হইতে (মিটার/ফুট)	ইমারতের দুই পার্শ্বের সীমানা হইতে (মিটার/ফুট)
১।	২ (দুই) কাঠা পর্যন্ত (আবাসিক)	১.৫০ মিটার (৫'-০")	১.৫০ মিটার (৫'-০")	০.৯১ মিটার (৩'-০")
২।	৩ (তিন) কাঠা পর্যন্ত (আবাসিক)	১.৫০ মিটার (৫'-০")	১.৫০ মিটার (৫'-০")	১.২৫ মিটার (৪'-১")
৩।	৪ (চার) কাঠা পর্যন্ত (আবাসিক)	১.৫০ মিটার (৫'-০")	১.৭৫ মিটার (৫'-৯")	১.২৫ মিটার (৪'-১")
৪।	৪ (চার) কাঠার উর্ধ্বে যেকোনো আয়তন বিশিষ্ট (আবাসিক)	১.৫০ মিটার (৫'-০")	২.০০ মিটার (৬'-৭")	১.২৫ মিটার (৪'-১")
৫।	৪ (চার) কাঠার উর্ধ্বে যেকোনো আয়তন বিশিষ্ট (বাণিজ্যিক)	৩.০০ মিটার (১০'-০")	২.০০ মিটার (৬'-৭")	১.৫০ মিটার (৫'-০")

- (গ) সানশেড কেবল সেটব্যাকে তৈরি করা যাইবে;
- (ঘ) গ্রাউন্ড ফ্লোর উঁচু বা নিচু করা যাইবে না এবং জেনারেটর ও ট্রান্সফরমার রুম উন্মুক্ত স্থানে স্থাপন করা যাইবে না;
- (ঙ) গ্রাউন্ড ফ্লোর বা বেইজমেন্টের প্রবেশ ও বাহির হইবার র‍্যাম্প কোনোভাবেই নিজ সীমানা বা সেটব্যাক এরিয়া (নিজ বাড়ির গেইট বা দেওয়াল) অতিক্রম করিয়া ফুটপাথ বা রাস্তা পর্যন্ত সম্প্রসারণ করা যাইবে না;
- (চ) ইমারত নির্মাণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাদি প্রতিপালন করিতে হইবে, যথা:—
- (অ) নূতন ইমারত নির্মাণের ক্ষেত্রে—
- (১) সর্বোচ্চ ৯ (নয়) তলা (ভূ-গর্ভস্থ তলা ব্যতীত জি+৮) ইমারত নির্মাণ করা যাইবে এবং ৯ (নয়) তলার (জি+৮) ছাদ পর্যন্ত ইমারতের উচ্চতা প্লিস্থ লেভেল হইতে ৯০ (নব্বই) ফুটের অধিক হইবে না;
  - (২) ৯ (নয়) তলার ছাদে সিঁড়ি ঘর সর্বোচ্চ উচ্চতা ৮ (আট) ফুট পর্যন্ত নির্মাণ করা যাইবে এবং ইমারতের জন্য লিফট ব্যবহারের ক্ষেত্রে ৯ (নয়) তলার ছাদের উপর ১ (এক) টি মাত্র মেশিন রুম নির্মাণ করা যাইবে যাহার উচ্চতা সর্বোচ্চ ১৫ (পনের) ফুট পর্যন্ত হইবে;
  - (৩) জলাধার নির্মাণের ক্ষেত্রে মেশিন রুমের জন্য প্রদত্ত সর্বোচ্চ উচ্চতা অতিক্রম করা যাইবে না এবং জলাধারের নিচে কোনো ঘর নির্মাণ করা যাইবে না;
  - (৪) ৯ (নয়) তলা ইমারতের অতিরিক্ত একটি ভূ-গর্ভস্থ তলা (বেইজমেন্ট ফ্লোর) নির্মাণ করা যাইবে, তবে তাহা কেবল গাড়ি পার্কিং এর জন্য ব্যবহারযোগ্য হইবে;
- (আ) সকল ইমারত জি+৮ করিবার ক্ষেত্রে নিম্নবর্ণিত নিয়ম প্রযোজ্য হইবে, যথা:—
- (১) ইমারতের ভিত (foundation) জি+৮ করিবার জন্য উপযোগী কিনা তাহা সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক যাচাই-বাছাই সাপেক্ষে অনুমোদিত হইলেই কেবল জি+৮ বিশিষ্ট ইমারত নির্মাণ করা যাইবে এবং এতদসংক্রান্ত ছাড়পত্র গ্রহণের সমুদয় ব্যয়ভার সংশ্লিষ্ট প্লট মালিক বা প্রাধিকৃত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক বহন করিতে হইবে;
  - (২) নূতন নির্ধারিত উচ্চতার (জি+৮) বাহিরে ছাদের উপর জলাধার ও সিঁড়ি ঘর (সর্বোচ্চ ৮ ফুট উচ্চতার) ব্যতীত অন্য কোনো স্থাপনা নির্মাণ করা যাইবে না;
  - (৩) জলাধারের নিচে কোনো ঘর নির্মাণ করা যাইবে না;

- (৪) ৮ম তলা হইতে ৯ম তলা ও ৯ম তলার ছাদে উঠিবার ক্ষেত্রে কেবল সিঁড়ি ব্যবহৃত হইবে এবং এই অংশে লিফট এর ব্যবহার বা ব্যবস্থা থাকিবে না;
- (ই) জমির আয়তন ও রাস্তার প্রশস্ততার উপর ভিত্তি করিয়া এবং বোর্ডের নিয়োজিত অথরাইজড অফিসার বা প্রকৌশলীর কারিগরি প্রতিবেদনের উপর ভিত্তি করিয়া ইমারতের উচ্চতা অনুমোদনের বিষয়টি বিবেচিত হইবে;
- (ছ) প্লিন্থ লেভেল হইতে ইমারতের উচ্চতা নির্ধারণ করা হইবে এবং প্লিন্থ লেভেল এর উচ্চতা সংলগ্ন রাস্তার লেভেল হইতে সর্বনিম্ন ১২ (বারো) ইঞ্চি এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) ইঞ্চি হইতে পারিবে, তবে র‍্যাম্পের দৈর্ঘ্য কোনোভাবেই প্লটের সীমানার বাহিরে যাইবে না;
- (জ) প্লটের অভ্যন্তরে সেটব্যাক এরিয়ার সামনে এবং পিছনের অংশে গার্ড লিভিং রুম, রান্নাঘর ও টয়লেট এবং দরজা বা গেইট সংলগ্ন একটি গার্ড পোস্টসহ সম্মিলিতভাবে সর্বোচ্চ ১২০ (একশত বিশ) বর্গফুট আয়তনের জায়গা ব্যবহার করা যাইবে, যাহার উচ্চতা সর্বোচ্চ ১০'-০" পর্যন্ত হইবে;
- (ঝ) ফ্লোর লেভেল এ সানশেড অনুমোদিত হইবে না;
- (ঞ) ডিওএইচএস এলাকা ব্যতীত এইরূপ ৯ (নয়) তলার অধিক আবাসিক বা বাণিজ্যিক বহুতল ইমারত, কল্যাণমূলক বা বাহিনীত্রয়ের বাণিজ্যিক উদ্দেশ্যে নির্মাণের ক্ষেত্রে, সামরিক বা বেসামরিক বিমানের বর্তমান ও ভবিষ্যৎ চলাচল কোনোভাবে বাধাগ্রস্ত বা ঝুঁকিপূর্ণ নহে মর্মে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এবং বাংলাদেশ বিমান বাহিনীর নিকট হইতে ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে, প্লিন্থ লেভেল হইতে সিঁড়িঘর, জলাধার বা লিফটসহ ১৫০ (একশত পঞ্চাশ) ফুট উচ্চতা পর্যন্ত ইমারত নির্মাণ করা যাইবে;
- (ট) ৬ (ছয়) তলারি উর্ধ্বে ইমারত নির্মাণ, যেকোনো উচ্চতার বাণিজ্যিক ইমারত নির্মাণ বা বিদ্যমান ইমারতের উর্ধ্বমুখী সম্প্রসারণের জন্য বোর্ড হইতে সংশোধিত নকশা অনুমোদন করিবার পূর্বে প্লট মালিককে বোর্ডের মাধ্যমে যথাযথভাবে বিধিবদ্ধ সংস্থা কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা করিয়া আনুষঙ্গিক প্রমাণাদি দাখিল করিতে হইবে;
- (ঠ) বেইজমেন্ট এর সীমানা দেয়াল কোনোভাবেই সেটব্যাক লাইন অতিক্রম করিবে না;
- (ড) বেইজমেন্ট, প্রয়োজনে, গাড়ি লিফট ব্যবহার করা যাইবে;
- (ঢ) ডিওএইচএস এ কোনো প্লট বিভাজন করা যাইবে না;

(গ) ডিওএইচএস এ ২ (দুই) বা ততোধিক প্লট একত্রিকরণ করিয়া ইমারত নির্মাণ করা যাইবে না, তবে অতিরিক্ত গাড়ি পার্কিং স্থান সংকুলানের লক্ষ্যে ২ (দুই)টি বা ৪ (চার)টি প্লটে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে কেবল বেইজমেন্ট একত্রিত করিয়া পার্কিং সুবিধা নির্মাণ করা যাইবে, যথা :—

(অ) ডিওএইচএস এ ২ (দুই)টি বা ৪ (চার)টি প্লট একত্রিত করিয়া বেজমেন্ট পার্কিং নির্মাণ করিবার ক্ষেত্রে সকল প্লট মালিকগণ কর্তৃক একত্রিত হইয়া বিশেষজ্ঞ স্থপতি বা প্রকৌশলী দ্বারা সমন্বিত ড্রয়িং বা ডিজাইন প্রস্তুত করাইতে হইবে, তবে এইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্লট মালিকগণ একত্রিত হইয়া যৌথভাবে কার্য নির্বাহ করিতে হইবে;

(আ) এই উপ-আইন, বিধিমালা এবং বিল্ডিং কোড অনুসরণ করিয়া বেইজমেন্ট নির্মাণের নকশা প্রণয়ন করত কার্য নির্বাহ করিতে হইবে;

(ই) একাধিক প্লট একত্রিত করিয়া বেইজমেন্ট নির্মাণ করিলে অতিরিক্ত পার্কিং সুবিধা পাওয়া যাইবে;

তবে শর্ত থাকে যে, সঠিক সমন্বিত গমন বা প্রস্থান, বাহ্যিক পয়ঃনিষ্কাশনসহ এতদসংক্রান্ত অন্যান্য বিষয়াদি পরিকল্পনা অনুযায়ী সম্পন্ন করিতে হইবে;

(ত) মেশিন রুম এর উপর জলাধার নির্মাণ করা যাইবে না;

(থ) মাটি রাখিবার শর্ত মানিয়া সম্মুখ, পার্শ্ববর্তী ও পশ্চাৎ সেটব্যাক স্পেস ব্যবহার করিতে হইবে;

(দ) সীমানা প্রাচীরের উচ্চতা সংলগ্ন রাস্তার লেভেল হইতে ২.৫ (দুই দশমিক পাঁচ) মিটার এর অধিক হইবে না;

(ধ) প্যারাপেট ওয়াল এর উচ্চতা ৩ (তিন) ফুট এর অধিক হইবে না;

(ন) আবাসিক ইমারতের জন্য—

(অ) ভূ-গর্ভস্থ জলাধার সর্বোচ্চ ৬০ (ষাট) হাজার লিটার ক্ষমতাসম্পন্ন হইবে; এবং

(আ) ছাদের জলাধার সর্বোচ্চ ৩০ (ত্রিশ) হাজার লিটার ক্ষমতাসম্পন্ন হইবে।

২৪। বিভিন্ন তলার নামকরণ ও ভূগর্ভস্থ তলা নির্মাণের শর্তাবলি।—বিভিন্ন তলার নামকরণ ও ভূগর্ভস্থ তলা নির্মাণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) ইমারতের ভিত্তি নির্মাণ চলাকালীন পার্শ্ববর্তী ইমারতের, যদি থাকে, যাহাতে কোনো ক্ষতি না হয় তাহা বিবেচনাক্রমে উহার ভিত্তি নকশা প্রস্তুত ও কার্যপদ্ধতি নির্ধারণ করিতে হইবে;

(খ) ভূ-গর্ভস্থ জলাধার গ্রাউন্ড ফ্লোরে বা ভূ-গর্ভস্থ তলার অভ্যন্তরে নির্মাণ করিতে হইবে;

- (গ) ভূ-গর্ভস্থ জলাধার হইতে সেপটিক ট্যাংক এর দূরত্ব অনূন ২০'-০" থাকিতে হইবে;
- (ঘ) সেপটিক ট্যাংক, সোকওয়েল, সুয়্যারেজ পিট ও লাইন ইমারতের বাহিরের সেটব্যাকের স্থানে তৈরি করিতে হইবে;
- (ঙ) যেকোনো ইমারতের তলাসমূহ ভূ-গর্ভস্থ তলা (বেইজমেন্ট ফ্লোর), নিচ তলা বা প্রথম তলা (গ্রাউন্ড ফ্লোর), দ্বিতীয় তলা (ফার্স্ট ফ্লোর), তৃতীয় তলা (সেকেন্ড ফ্লোর) ইত্যাদি নামে অবহিত হইবে;
- (চ) ভূ-গর্ভস্থ তলা নির্মাণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি প্রতিপালন করিতে হইবে, যথা :—
- (অ) ইমারতের সিঁড়ি ও লিফটের যে অংশ থাকিবে উক্ত অংশে ফায়ার এলার্ম সংবলিত ব্যবস্থাসহ পর্যাপ্ত অগ্নিনির্বাপক যন্ত্রপাতি থাকিতে হইবে এবং উহা অগ্নিনিরোধক দেয়াল বা প্রাচীর দ্বারা যথাযথভাবে আলাদা রাখিতে হইবে;

তবে শর্ত থাকে যে, অগ্নি নিরোধক ব্যবস্থার কার্যক্রম অনূন ২ (দুই) ঘণ্টাব্যাপী হইবে এবং সমগ্র স্থানটি স্বাভাবিক ও যান্ত্রিকভাবে বাতাস চলাচলযুক্ত হইতে হইবে;

- (আ) ক্লিয়ার হাইট অনধিক ২.৬ (দুই দশমিক ছয়) মিটার (৮'-৬") হইতে হইবে;
- (ই) টার্নিং এর সুবিধা, গাড়ি ব্যবহারের ক্ষেত্রে, র্যাম্প পর্যন্ত থাকিতে হইবে;
- (ঈ) দেয়াল এবং মেঝে পানি ও আর্দ্রতারোধক হইতে হইবে;
- (উ) ভূ-গর্ভস্থ তলায় আবাসিক কক্ষ, রান্নাঘর, স্নানঘর, স্টোর রুম ও টয়লেট নির্মাণ করা যাইবে না এবং উহা কেবল গাড়ি পার্কিং এর জন্য ব্যবহার করা যাইবে;
- (ঊ) যাতায়াতের জন্য রাস্তা হইতে পৃথক র্যাম্প বা সিঁড়ির বন্দোবস্ত রাখিতে হইবে এবং র্যাম্পের ঢালের খাড়া অনধিক ১.৮ (এক দশমিক আট) মিটার বা সিঁড়ির ঢালের খাড়া অনধিক ৩.৫ (তিন দশমিক পাঁচ) মিটার হইতে হইবে;
- (ঋ) রিটেইনিং ওয়াল এমনভাবে নির্মাণ করিতে হইবে যাহাতে উহার সর্ববহিরাংশ পার্শ্ববর্তী ইমারতের সীমানা হইতে অনূন নিজ সীমানার দিকে ৩০ (ত্রিশ) সেংমিঃ ভিতরে থাকে;
- (এ) সমগ্র স্থানটি স্বাভাবিক এবং যান্ত্রিকভাবে বাতাস চলাচলযুক্ত হইতে হইবে;
- (ঊ) ভূ-গর্ভস্থ তলা নির্মাণকালে নিম্নবর্ণিত বিশেষ সতর্কতা অবলম্বন করিতে হইবে, যথা:—

(অ) পার্শ্ববর্তী ইমারতের ভিত্তির লেভেল বিবেচনা করিয়া কারিগরি নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের পূর্বে পার্শ্ববর্তী ইমারতের ও প্রস্তাবিত ইমারতের ভিত্তির লেভেল যদি সমান হয় বা উপরে থাকে, তাহা হইলে পার্শ্ববর্তী ইমারতের উর্ধ্বমুখী ওজন (vertical load) বিবেচনা করিয়া উহার ভিত্তির মাটি বা ভিত্তির ব্যাঘাত না ঘটাইয়া উহার শোর পাইলিং, প্যালাসাইডিং, শিট পাইলিং, ইত্যাদি নির্মাণ করিয়া সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;

(আ) পার্শ্ববর্তী ইमारতের ভিত্তির লেভেল প্রস্তাবিত ইमारতের ভিত্তির লেভেল অপেক্ষা নিম্নতর হইলে প্রস্তাবিত ইमारতের ভিত্তির লেভেলের একটি অংশ যাহাতে পার্শ্ববর্তী ইमारতের ভিত্তির ব্যাঘাত না ঘটায় তদুদ্দেশ্যে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;

(জ) ভূ-গর্ভস্থ তলা ও ইमारতের নির্মাণ কাজ চলাকালীন কোনো নির্মাণ সামগ্রী রাস্তায় রাখা যাইবে না, এবং ভিত্তির মাটি কাটিবার পর পাম্পিং করিয়া পানি নিষ্কাশন করিতে হইবে;

তবে শর্ত থাকে যে, পাম্পিং করিয়া পানি নিষ্কাশনের সময় পার্শ্ববর্তী ইमारতের, যদি থাকে, ভিত্তির ক্ষতি করা যাইবে না;

(ঝ) ভূ-গর্ভস্থ তলার কাঠামো মাটি কাটিবার অনধিক ২ (দুই) মাসের মধ্যে সম্পন্ন করিতে হইবে এবং উত্তোলিত মাটি তাৎক্ষণিকভাবে নির্মাণ এলাকা হইতে অন্যত্র বা নিচু এলাকায় অপসারণ করিতে হইবে;

(ঞ) ভূ-গর্ভস্থ তলায় বাহিরের দেওয়ালসহ সিগন্যালিং ব্যবস্থা থাকিতে হইবে; এবং

(ট) ভূ-গর্ভস্থ তলার সন্নিকটে কোনো স্থাপনা থাকিলে উক্ত স্থানে প্রি-কাস্ট পাইল পরিহার বা পর্যাপ্ত জায়গা উন্মুক্ত রাখিয়া পাইলিং এর কাজ করিতে হইবে।

২৫। **পরিদর্শন প্রতিবেদন।**—ইमारত নির্মাণ অনুমোদিত নকশা অনুযায়ী নির্মাণের বাধ্যবাধকতার নিম্নবর্ণিত পর্বে কারিগরি কমিটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করিবে, যথা :—

(ক) প্রথম পর্ব-পাইলিং শেষে, পাইল ক্যাপ নির্মাণের পূর্বে ও প্লিন্থ (গ্রেড বিম) ঢালাইয়ের পূর্বে;

(খ) দ্বিতীয় পর্ব- প্রত্যেক ফ্লোর ঢালাইয়ের পূর্বে ও পরে;

(গ) তৃতীয় পর্ব- ছাদের সিঁড়িঘর ও মেশিন রুম নির্মাণের পূর্বে;

(ঘ) চতুর্থ পর্ব- সঠিক কাজ সম্পন্ন হইবার পর কারিগরি কমিটি পুনঃমূল্যায়নপূর্বক সঠিকতা প্রতিবেদন প্রদান করিবে এবং উক্ত প্রতিবেদনের উপর ভিত্তি করিয়া যথাযথ কর্তৃপক্ষ নির্মাণ কাজ সম্পন্ন হইবার ছাড়পত্র প্রদান করিবে।

২৬। **ভূ-কম্পন প্রতিরোধী নকশা প্রণয়ন।**—ভূ-কম্পন ধারণক্ষমতাসম্পন্ন কাঠামোগত নকশা প্রণয়ন করিতে হইবে এবং উক্তরূপ ক্ষেত্রে বিল্ডিং কোড অনুসরণ করিতে হইবে।

২৭। **গাড়ি পার্কিং।**—প্রত্যেক ইউনিটের জন্য অন্যান্য ১ (এক) টি করিয়া গাড়ি পার্কিং হিসাব করিয়া পার্কিং ব্যবস্থা রাখিতে হইবে।

২৮। **ফরম সংগ্রহ ও উপস্থাপন।**—এই উপ-আইনের বিভিন্ন অনুচ্ছেদে উল্লিখিত ফরমসমূহ পৃথকভাবে বোর্ড হইতে সংগ্রহপূর্বক উহাতে প্রয়োজনীয় আবেদন বা অভিযোগ সন্নিবেশ করিয়া উহা বোর্ডের নিকট উপস্থাপন করিতে হইবে।

২৯। **ইমারত নির্মাণ বিষয়ে বিধি-নিষেধ আরোপের ক্ষমতা।**—এই উপ-আইনের অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, নদীর ধার, বৃহৎ জলাধার, বাগান, ঐতিহাসিক এবং বিশেষ গুরুত্বপূর্ণ এলাকায় অবস্থিত ইমারতের উচ্চতার উপর বোর্ড বিশেষ বিধি-নিষেধ আরোপ করিতে পারিবে।

৩০। **ইমারত নির্মাণের দায়-দায়িত্ব।**—এই উপ-আইনের অধীন কোনো ইমারত নির্মাণকালে কোনোরকম দুর্ঘটনা ঘটিলে, উহার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্লট মালিকের বা চুক্তিতে আবদ্ধকৃত প্রতিষ্ঠানের উপর বর্তাইবে।

৩১। **উপ-আইন সংশোধনের ক্ষমতা।**—বোর্ড, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই উপ-আইন পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, সংশোধন ও সংযোজন করিতে পারিবে।

৩২। **বসবাস বা ব্যবহার সনদপত্র (occupancy certificate)।**—(১) ইমারত আংশিত বা সম্পূর্ণ নির্মাণ সম্পন্ন হইবার পর উহার ব্যবহার বা বসবাসের জন্য ব্যবহার উপযোগিতা সনদপত্র গ্রহণ করিতে হইবে এবং উক্ত সনদপত্র গ্রহণের জন্য আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত দলিল ও নকশাদি কর্তৃপক্ষের সংরক্ষণের জন্য দাখিল করিতে হইবে, যথা :—

- (ক) সমাপ্তি প্রতিবেদন (completion report);
- (খ) কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত স্থাপত্য নকশার ভিত্তিতে নির্মিত ইমারতের নির্মাণ নকশা (as built drawing);
- (গ) ইমারতের কাঠামো নকশা (structural design); এবং
- (ঘ) ইমারত সেবা (building services) সংক্রান্ত সকল নকশা;

(২) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত সকল নকশার ডিজাইন পর্যাপ্ততা (design adequacy) ও উপযুক্ততার দায়-দায়িত্ব নকশা প্রস্তুতের সহিত সংশ্লিষ্ট স্থপতি, প্রকৌশলী বা বিষয় সংশ্লিষ্ট অন্যান্য পেশাজীবীদের উপর বর্তাইবে।

(৩) কর্তৃপক্ষের নিকট হইতে ফরম-১৭ এর মাধ্যমে আংশিক বা সম্পূর্ণ বসবাস বা ব্যবহার সনদপত্র লাভ করিবার পূর্ব পর্যন্ত উক্ত ইমারত বা কাঠামো আংশিক বা সম্পূর্ণ কোনো অবস্থাতেই ব্যবহার করা যাইবে না।

(৪) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন দাখিলকৃত বসবাস বা ব্যবহার সনদপত্র (Occupancy Certificate) আবেদন প্রত্যাখ্যাত হইলে উহা ফরম-১৮ এর মাধ্যমে আবেদনকারীকে অবহিত করিতে হইবে।

(৫) উপ-অনুচ্ছেদ (৪) এর অধীন বসবাস বা ব্যবহার সনদপত্র প্রত্যাখ্যাত হইলে উক্ত সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য ফরম-১৯ এর মাধ্যমে পুনরায় আবেদন দাখিল করা যাইবে।

(৬) বসবাস বা ব্যবহার সনদপত্রের মেয়াদ সমাপ্ত হইবার পূর্বে ফরম-২০ এর মাধ্যমে উহা নবায়নের আবেদন দাখিল করা যাইবে।



(৭) উপ-অনুচ্ছেদ (৬) এর অধীন দাখিলকৃত আবেদন বিবেচনাক্রমে ফরম-২১ এর মাধ্যমে বসবাস বা ব্যবহার নবায়ন সনদপত্র প্রদান করা যাইবে।

(৮) উপ-অনুচ্ছেদ (৭) এর অধীন দাখিলকৃত আবেদন বিবেচনাক্রমে বসবাস বা ব্যবহার সনদপত্র (Occupancy Certificate) নবায়ন না করিবার সিদ্ধান্ত গৃহীত ফরম-২২ এর মাধ্যমে উক্ত নবায়নের আবেদন প্রত্যাখ্যান করা যাইবে।

৩৩। **অনুমোদিত নকশা সংশোধন।**—(১) অনুমোদিত নকশা সংশোধনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন করিতে হইবে, যথা :—

- (ক) কোনো ইমারতের নকশা অনুমোদন হইবার পর নির্মাণ অনুমোদনপত্রের মেয়াদকালের মধ্যে যদি কোনো পরিবর্তন বা পরিবর্ধনের প্রয়োজন হয়, তাহা হইলে ৮ (আট) কপি সংশোধিত নকশাসহ আবেদন করিতে হইবে;
- (খ) যদি সংশোধিত নকশা পুনঃঅনুমোদনের পূর্বেই সংশোধিত অংশ নির্মিত হইয়া থাকে, এবং উক্তরূপ পরিবর্তন যদি এই উপ-আইনের অধীন অনুমোদনযোগ্য হয়, তাহা হইলে বোর্ডের অনুমোদন সাপেক্ষে, প্রয়োজনে, বিধিবদ্ধ সংস্থা কর্তৃক ভেটিং এর মাধ্যমে এবং মূল ফি' এর অতিরিক্ত জরিমানা প্রদানপূর্বক আবেদন করিয়া পুনরায় নির্মাণ অনুমোদনপত্র গ্রহণ করিতে হইবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর দফা (খ) অনুযায়ী সংশোধন, বসবাস বা ব্যবহার সনদপত্র প্রদানের সময় ইমারতের নির্মিত নকশায় অনুমোদন প্রদান করা হইবে।

(৩) এই উপ-আইন কার্যকর হইবার পূর্বে আইনানুগভাবে অনুমোদিত সকল নকশার বৈধতা বহাল থাকিবে।

৩৪। **ইমারত নির্মাণ সংক্রান্ত অন্যান্য নিয়মাবলি।**—ইমারত নির্মাণ সংক্রান্ত অন্যান্য নিয়মাবলি হইবে নিম্নরূপ, যথা :—

- (ক) প্রত্যেক প্লটে বিদ্যমান জমির সীমানা হইতে অনুচ্ছেদ ২৩ অনুযায়ী সেটব্যাক ও বিধি মোতাবেক সর্বোচ্চ ভূমি আচ্ছাদন (ground coverage) বহির্ভূত খোলা স্থান আবশ্যিক অনাচ্ছাদিত স্থান (mandatory open space) হিসাবে থাকিতে হইবে;
- (খ) নির্দিষ্ট কোনো রাস্তার ক্ষেত্রে, ডিটেইলড এরিয়া প্ল্যান (DAP) অনুযায়ী কর্তৃপক্ষ সম্মুখভাগের সেটব্যাকের ক্ষেত্রে ভিন্নতর বা অধিকতর দূরত্বের প্রস্তাবনা বা নির্দেশনা প্রদান করিতে পারিবে;
- (গ) একই প্লটে অবস্থিত সম্পূর্ণ আলাদা কাঠামো বিশিষ্ট ২ (দুই) বা ততোধিক ইমারতের সম্মুখ ও পশ্চাতের মধ্যবর্তী অন্যান্য দূরত্ব ৪ (চার) মিটার এবং পার্শ্বদেশের মধ্যবর্তী অন্যান্য দূরত্ব ২.৫ (দুই দশমিক পাঁচ) মিটার হইতে হইবে;
- (ঘ) আলো-বাতাসের সংস্থানসহ বিধি মোতাবেক নকশা প্রণয়ন করা হইলে একই প্লটে একাধিক ইমারত সংযুক্ত হইতে পারিবে, তবে এইরূপ ক্ষেত্রে ইমারতসমূহের ক্ষুদ্রতর বাহুর সংশ্লিষ্ট দৈর্ঘ্যের অন্যান্য ৩০ (ত্রিশ) শতাংশ অংশ সংযুক্ত থাকিতে হইবে;
- (ঙ) কেবল উক্ত প্লটেই শেষ হইয়াছে এইরূপ রাস্তা সংবলিত জমিতে প্রস্তাবিত ইমারত সম্মুখের সীমানা হইতে অন্যান্য ২ (দুই) মিটার দূরত্বে নির্মিত হইতে হইবে।

## ষষ্ঠ অধ্যায়

## অগ্নিনিরাপত্তা

৩৫। নিরাপদ নির্গমন।—(১) নির্গমন পথ (means of escape) নিম্নরূপ ৩ (তিন) টি অংশ সমন্বয়ে গঠিত হইবে, যথা :—

- (ক) এক্সিট অ্যাক্সেস যাহা এক্সিট অংশ পর্যন্ত বিস্তৃত হইবে;
- (খ) এক্সিট যাহা প্রজ্বলিত অংশ হইতে এক্সিট ডিসচার্জ অংশ পর্যন্ত বিস্তৃত হইবে; এবং
- (গ) এক্সিট ডিসচার্জ যাহা আশ্রয় স্থলের শেষ দেওয়াল পর্যন্ত বিস্তৃত হইবে।

(২) নির্গমন পথের বিভিন্ন অংশে নিম্নরূপ যেকোনো এক্সিট থাকিবে, যথা :—

- (ক) দরজা, সিঁড়ি সংযোগকারী করিডোর অথবা প্যাসেজ, ধোঁয়া ও অগ্নিমুক্ত বেষ্টিত এলাকা, কুলন্ত বারান্দা, অগ্নি নিরাপদ সিঁড়ি, বা উহাদের কয়েকটি একসাথে যে স্থান হইতে সড়ক, খোলা ছাদ বা কোনো নির্দিষ্ট নিরাপদ আশ্রয়স্থলে সহজে প্রবেশ করা যায় এবং যাহা আক্রান্ত এলাকা, ধোঁয়া বা আগুন হইতে নিরাপদ থাকিবে;
- (খ) যাহা আক্রান্ত এলাকা, ধোঁয়া, আগুন ও তদসংলগ্ন এলাকাসমূহ হইতে নিরাপদ কোনো ইমারত সংলগ্ন বা একই সমতলে অবস্থিত কোনো নিরাপদ আশ্রয়স্থলে আনুভূমিক এক্সিট থাকিবে; এবং
- (গ) লিফট, এসকেলেটর বা চলন্ত হাটীর রাস্তাকে নির্গমন পথের অংশ করা যাইবে না।

(৩) সাধারণ প্রয়োজন হইবে নিম্নরূপ, যথা :—

- (ক) জনসাধারণের ব্যবহারের জন্য নির্মিত সকল ধরনের ইমারত ও গুদাম ঘরে যথেষ্ট সংখ্যায় নির্গমন পথের ব্যবস্থা থাকিতে হইবে যাহাতে আগুন ও অন্যান্য বিপদের সময় ব্যবহারকারীরা দ্রুত ও নিরাপদে অন্যের সহযোগিতা ছাড়াই বাহির হইয়া যাইতে পারে;
- (খ) এক্সিট কে কখনই এমন কোনো কাজে ব্যবহার করা যাইবে না যাহাতে নির্গমনপথ হিসাবে ইহার ব্যবহার ব্যাহত হয় বা হইবার সম্ভাবনা থাকে;
- (গ) এক্সিট এবং এক্সিট অ্যাক্সেস এর করিডোরকে সরবরাহ বা রিটার্ন এয়ার ডাক্ট (return air duct) এর কাজে ব্যবহার করা যাইবে না;
- (ঘ) নির্গমন পথের তল কোনো স্থানে ৩০০ (তিনশত) মিঃমিঃ এর বেশি পরিবর্তিত হইলে র্যাম্প ব্যবহার করিতে হইবে এবং যেসকল বহিঃদরজা প্রতিবন্ধী বা বয়স্ক লোকজন ব্যবহার করিবে না সেইসব স্থানে সর্বোচ্চ ২০০ (দুইশত) মিঃমিঃ পর্যন্ত ধাপ দ্বারা নামা যাইবে;

- (৬) সকল এক্সিট পরিষ্কারভাবে দৃষ্টিগোচর হইতে হইবে এবং এক্সিট অ্যাক্সেস চিহ্নিত থাকিতে হইবে এবং যেস্থানে একাধিক এক্সিট বা এক্সিট অ্যাক্সেস থাকিবে এবং জনগণের ব্যবহার্য যেসকল এলাকা অন্ধকারে থাকিতে পারে সেইসব স্থানে এক্সিট এর অবস্থান ও দিকনির্দেশক আলোকিত চিহ্ন ব্যবহার করিতে হইবে; এবং
- (৮) প্রত্যেকটি ইমারতের মালিক বা ইজারাদার ইহার সমস্ত ব্যবহারকারীর নিরাপত্তা নিশ্চিত করিবেন এবং বর্তমানে কোনো ইমারতে এক্সিট সুবিধা অপ্রতুল হইলে, কর্তৃপক্ষ, তাহার যথাযথ সংস্থানের নির্দেশ প্রদান করিতে পারিবে।
- (৪) এক্সিট এর অবস্থান হইবে নিম্নরূপ, যথা :—
- (ক) কোনো এক্সিট কোনো সংলগ্ন কক্ষ বা এলাকায় খুলিবে না যদি উহা পূর্বোক্ত এলাকার অবিচ্ছেদ্য বা বর্ধিত অংশ না হয়, বিপজ্জনক কাজে ব্যবহৃত হয় এবং নির্দিষ্ট এক্সিট এলাকার সহিত সরাসরি সংযুক্ত না থাকে;
- (খ) এক্সিট পথের কোনো অংশ ইমারতের এমন কোনো অংশ হইবে না যাহা ইমারত ব্যবহারকালীন সময়ে তালাবদ্ধ থাকিতে পারে;
- (গ) সকল ধরনের জনসমাগমের জন্য মিলনায়তন জাতীয় ইমারতের অন্যান্য একটি পার্শ্ব একটি রাস্তার দিকে হইবে যদিকে প্রধান এক্সিট ডিসচার্জ অবস্থিত হইতে পারে এবং এই জাতীয় ইমারতের প্রধান আগমন পথ অন্যান্য অর্ধেক সংখ্যক ব্যবহারকারীর নির্গমন পথ হিসাবে ব্যবহার করা যাইবে;
- (ঘ) দফা (গ) তে উল্লিখিত ইমারত একাধিক তলাবিশিষ্ট হইলে প্রতিটি তলায় এক্সিট থাকিবে যাহা কমপক্ষে উক্ত তলার দুই-তৃতীয়াংশ ব্যবহারকারীর প্রয়োজন মিটাইবে; এবং
- (ঙ) এক্সিটসমূহ এইরূপে থাকিতে হইবে যাহা ইমারতের সকল অংশের জন্য একটি অবিরাম বাধামুক্ত নির্গমন পথ নিশ্চিত করিবে।

৩৬। **রহিতকরণ ও হেফাজত।**—(১) চট্টগ্রাম সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন ১৯৯৮, অতঃপর উক্ত উপ-আইন বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল;

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত উপ-আইন এর অধীন—

- (ক) প্রতিষ্ঠিত সামরিক অফিসার আবাসিক প্রকল্প, চট্টগ্রাম সেনানিবাস ও সেনানিবাস বর্ধিত এলাকা এই উপ-আইনের অধীন প্রতিষ্ঠিত হইয়াছে বলিয়া গণ্য হইবে;
- (খ) প্রতিষ্ঠিত চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ডের অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব, সুবিধাদি, তহবিল, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং সকল হিসাব বহি, রেজিস্টার, রেকর্ডপত্র এবং এতদসংক্রান্ত দলিল-দস্তাবেজ উক্ত বোর্ডের দখল ও অধিকারে পূর্ববৎ বলবৎ থাকিবে;
- (গ) গৃহীত কার্যক্রম, জারিকৃত প্রজ্ঞাপন, প্রদত্ত কোনো আদেশ, নির্দেশ, বিজ্ঞপ্তি বা প্রজ্ঞাপন, নোটিশ, তহবিল সংরক্ষণ, ব্যাংক হিসাব পরিচালনা, গঠিত কমিটি, ইত্যাদি বা অন্যকোনো কার্যক্রম উক্তরূপ রহিতকরণের অব্যবহিত পূর্বে বলবৎ থাকিলে এই উপ-আইনের কোনো বিধানের সহিত অসামঞ্জস্যপূর্ণ না হওয়া সাপেক্ষে, প্রয়োজনীয় অভিযোজনসহ, এই উপ-আইনের অনুরূপ বিধানের অধীন কৃত, প্রণীত, জারিকৃত, দায়েরকৃত, পেশকৃত, মঞ্জুরীকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই উপ-আইনের অধীন রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে;

## ফরম-১

[অনুচ্ছেদ ৩(২) ও ৫(খ) দ্রষ্টব্য]

ক্যান্টনমেন্ট বোর্ড

চট্টগ্রাম ক্যান্টনমেন্ট

নির্মাণ অনুমোদনের জন্য আবেদনপত্র

অকুপেন্সি টাইপ (Occupancy Type) -----

প্রতি

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার

চট্টগ্রাম ক্যান্টনমেন্ট।

ক্রমিক নং : .....

রশিদ নম্বর : .....

১। আবেদনকারীর নাম:

২। বর্তমান ঠিকানা:

৩। প্রস্তাবিত ভূমি বা প্লটের অবস্থান ও পরিমাণ:

ক) প্রকল্পের নাম:

খ) পার্শ্বস্থ রাস্তা নং:

গ) প্লট নং:

ঘ) বাহর মাপসহ ভূমি/প্লটের পরিমাণ:

৪। প্রস্তাবিত উন্নয়ন/নির্মাণ কাজের বিস্তারিত তথ্যাদি:

(১) প্রস্তাবিত উন্নয়ন/নির্মাণ কাজের প্রকার বা প্রকারসমূহ .....

(২) ধরন অনুযায়ী ব্যবহার/ক্লোরের ক্ষেত্রফল এর বিস্তারিত বর্ণনা:

ক) ভূমি/প্লটের ক্ষেত্রফল ..... (বঃমিঃ)।

খ) বাহসমূহের পরিমাপ: দক্ষিণে .....মিঃ, উত্তরে .....মিঃ, পূর্বে ..... মিঃ,  
পশ্চিমে .....মিঃ।

গ) প্রকল্পের মোট ক্লোরের ক্ষেত্রফল .....বঃমিঃ।

ঘ) আবাসিক ইमारতের ক্ষেত্রে প্রত্যেক তলায় আবাস/এ্যাপার্টমেন্ট/ক্লোটের সংখ্যা  
.....টি।

ঙ) প্রকল্পে মোট আবাসন এককের সংখ্যা .....টি।

চ) ভূমির মোট ভূ-পৃষ্ঠস্থ আচ্ছাদিত অংশের ক্ষেত্রফল .....বঃমিঃ, যাহা  
ভূমির ..... শতাংশ।

- ছ) প্লিন্থ এর উপরে সর্বমোট ফ্লোরের সংখ্যা .....টি এবং বেজমেন্টে ফ্লোরের সংখ্যা .....টি।
- জ) বিভিন্ন প্রকার ব্যবহারের উদ্দেশ্যে ফ্লোরের আয়তন (প্রয়োজনে তালিকাটি বিস্তারিত করা যাইবে)।
- \* ব্যবহার-১..... বঃমিঃ।
- \* ব্যবহার-২ ..... বঃমিঃ।
- \* ব্যবহার-৩ ..... বঃমিঃ।
- \* ব্যবহার-৪ ..... বঃমিঃ।
- \* ব্যবহার-৫ ..... বঃমিঃ।
- ৫। (১) সাইট সংলগ্ন রাস্তা বা রাস্তাসমূহের প্রস্থ: সম্মুখে .... মিঃ, পিছনে .... মিঃ, বামে .... মিঃ, ডানে.... মিঃ।
- (২) প্রস্তাবিত সাইটের আবশ্যিক উন্মুক্ত স্থান: সম্মুখে....মিঃ, পিছনে .... মিঃ, ডানে .... মিঃ, বামে ....মিঃ।
- ৬। নির্মিতব্য ইমারত বা প্রকল্পের বিবরণ (প্রয়োজনে তালিকাটি বিস্তৃত করা যাইবে)।

	ব্যবহার-১ (বঃমিঃ)	ব্যবহার-২ (বঃমিঃ)	ব্যবহার-৩ (বঃমিঃ)	মোট ফ্লোর (বঃমিঃ)
বেজমেন্ট (সমূহ)				
প্রথমতলা				
দ্বিতীয়তলা				
তৃতীয়তলা				
চতুর্থতলা				
পঞ্চমতলা				
ষষ্ঠতলা				
সপ্তমতলা				
অষ্টমতলা				
নবমতলা				

মোট তলা/ফ্লোরের ক্ষেত্রফল ..... বঃমিঃ।

